

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

কর্মচারী প্রশাসন পরিদপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২  
খিলক্ষেত, ঢাকা-১২২৯  
ফোন: ৮৯০০৩৫৮  
ই-মেইল: rebdpa@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৬.২৫-২১০৮

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ  
১৯ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ


**বিষয়: বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এ 'মেডিক্যাল রিটেইনার (চুক্তিভিত্তিক)' পদে নিয়োগ পরীক্ষা।**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর স্মারক নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৬.২৫-১৮৬৩, তারিখ: ০৯.০৪.২০২৬ খ্রি. এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত 'মেডিক্যাল রিটেইনার (চুক্তিভিত্তিক)' পদে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে উপযুক্ত প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

পরীক্ষার ধরণ	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা স্থান
মৌখিক পরীক্ষা	০৮.০৬.২০২৬ খ্রি. (সোমবার) বিকাল ৩:০০ ঘটিকা	নির্বাহী পরিচালক-এর অফিস কক্ষ, সদর দপ্তর ভবন (৯ম তলা), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯

**বিশেষ দৃষ্টব্য:**

১. প্রার্থীদের অনুকূলে তাদের বর্তমান ঠিকানায় ডাকযোগে এবং প্রার্থীর ই-মেইলে প্রবেশপত্র প্রেরণ করা হবে। পরীক্ষার সময় অবশ্যই প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।
২. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, বিএমডিসি'র রেজিস্ট্রেশন সনদ, অভিজ্ঞতা সনদ, সর্বশেষ অধ্যয়নকৃত প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, জাতীয়তা/নাগরিকত্ব সনদ ইত্যাদি নিয়োগ কমিটির নিকট প্রদর্শন করতে হবে।
৩. সকল কাগজপত্রের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি মৌখিক পরীক্ষার সময় জমা প্রদান করতে হবে।
৪. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে উপস্থিত থাকতে হবে।
৫. কোন প্রার্থীর নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাদির কোন শর্ত প্রতিপালিত হয়নি মর্মে প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ায়/ নিয়োগের যে কোন পর্যায়ে তার নিয়োগ আবেদন বাতিল করা হবে।
৬. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

  
১৯.৫.২৬  
(দিলরুবা শিরাজী)

পরিচালক  
কর্মচারী প্রশাসন পরিদপ্তর

অ. পৃ. দ্র./০২

MS

**অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**


(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো
- ০২। প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাপবিবো
- ০৩। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপবিবো
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো →
- ০৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো
- ০৬। একান্ত সচিব, সদস্য (প্রশাসন), বাপবিবো

নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করতঃ ০৮.০৬.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**বিতরণ:**

- ০১। নোটিশ বোর্ড

  
19.05.2026  
(সুমন মিয়া)

সহকারী পরিচালক (প্রশাসন)